348

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN. 27 1999
পৃঃ ৪ কলাম ৮

# ‘উপ-উপাচার্য’- শব্দটি কতটুকু যুক্তিযুক্ত?

বিশ্ববিদ্যালয়-এর সর্বোচ্চ পদবী হইল আচার্য। পদাধিকার বলে দেশের রাষ্ট্রপ্রধান কিংবা সরকার প্রধান সম্মানসূচক এই পদবীর অধিকারী। উপাচার্য (উপ+আচার্য) বিশ্ববিদ্যালয়ের কার্যকরী সর্বোচ্চ পদবী। মাননীয় উপাচার্যের কাজের পরিধি ব্যাপক হওয়ায় স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়সমূহে একজন করিয়া উপ-উপাচার্য আছেন। কাজের শৃংখলার স্বার্থে এক বা একাধিক উপ-উপাচার্য থাকিতে পারেন। কিন্তু উপ-উপাচার্য শব্দটি দুইটি ‘উপ’ উপসর্গ যোগে গঠিত হওয়ায় উচ্চারণগতভাবে শ্রুতিকটু ঠেকে। ইংরেজী ‘প্রো-ভিসি’ শব্দের বাংলা রূপান্তর উপ-উপাচার্যের পরিবর্তে গ্রহণযোগ্য অন্য কোন সুন্দর শব্দ ব্যবহার করা যায় কিনা তাহা নিয়া ভাবা প্রয়োজন। এই প্রসঙ্গে আমার প্রস্তাব হইতেছে, পদবীটি যেহেতু উপাচার্য-এর সহায়ক কাজের সহিত যুক্ত, সেহেতু ‘সহকারী উপাচার্য’ বলা যাইতে পারে। আবার সমান্তরাল ক্ষমতার বিচারে ‘অতিরিক্ত উপাচার্য’ বলা অধিকতর যুক্তিসঙ্গত। এ ব্যাপারে বাংলা একাডেমী এবং বিশ্ববিদ্যালয়সমূহের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

সফল কান্তি পাল
গ্রাম ঃ হাবিলাসদ্বীপ, ডাক ঃ শাকপুরা,
থানা ঃ পটিয়া , জেলা ঃ চট্টগ্রাম।